

শিক্ষাসত্র : বিশ্বভারতী

শিক্ষাসত্র দিবাভাগীয় সহ-শিক্ষামূলক অনাবাসিক উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ভর্তির নিয়মাবলী ও পদ্ধতি

পঞ্চম শ্রেণীর ক্ষেত্রে : ৯ বছর থেকে ১০ বছরের মধ্যে (জন্ম : ০১.০৭.২০০২ থেকে ২৮.০২.২০০৩-এর মধ্যে)

ষষ্ঠ শ্রেণীর ক্ষেত্রে : ১০ বছর থেকে ১১ বছরের মধ্যে (জন্ম : ০১.০৭.২০০১ থেকে ২৮.০২.২০০২-এর মধ্যে)

ভর্তির আবেদনপত্র ১২.১১.২০১১ (শনিবার) থেকে ০৪.১২.২০১১ (রবিবার) পর্যন্ত দেওয়া হবে।

যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র নিম্নলিখিত প্রমাণপত্রের প্রতিলিপি (জেরক্স কপি)-সহ ০৪.১২.২০১১ (রবিবার)-এর মধ্যে শিক্ষাসত্র দপ্তরে জমা দিতে হবে। যাবতীয় প্রমাণপত্র ফর্মের সঙ্গেই দিতে হবে, নির্দিষ্ট তারিখের পরে কোনও প্রতিবেদন বা প্রমাণ-পত্র গৃহীত হবে না।

১. বয়সের জন্য কেবলমাত্র বার্থ রেজিস্ট্রেশন অথরিটির দেওয়া বার্থ রেজিস্ট্রেশন সার্টিফিকেট-এর প্রতিলিপি (এক্ষেত্রে সুনির্দিষ্ট ফর্মে নথিভুক্তির তারিখসহ নম্বরের উল্লেখ থাকা চাই।
২. পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীর ভর্তির ক্ষেত্রে পাঠরত শ্রেণীর উল্লেখসহ পাঠরত বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা প্রদত্ত শংসাপত্র।
৩. ভর্তি পরীক্ষায় বসার অনুমতিপত্র পাঠাবার জন্য ৫ (পাঁচ) টাকার ডাকটিকিট সম্বলিত স্নাম-ঠিকানা লিখিত ১০" x ৪" মাপের একটি খাম।
৪. তফসিলী জাতি ও উপজাতি প্রার্থীদের যথাযথ শংসাপত্র না থাকলে পিতার শংসাপত্র অবশ্যই সংযোজন করতে হবে।
৫. শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত শংসাপত্রের প্রতিলিপি।
৬. প্রার্থীর পিতা/মাতার বাসস্থান-সম্পর্কিত স্থানীয় পঞ্চায়েত/পৌরসভা প্রদত্ত শংসাপত্র।
৭. প্রার্থীর দুটি পাসপোর্ট মাপের ছবি [একটি আবেদনপত্রের উপর নির্দিষ্ট স্থানে প্রত্যয়িত (Attested) করে যুক্ত করতে হবে ও অন্যটি প্রত্যয়িত না করে পিন দিয়ে পৃথকভাবে সংযুক্ত করতে হবে]।
৮. প্রত্যেকটি প্রমাণপত্রের প্রতিলিপি অবশ্যই প্রত্যয়িত (Attested) হতে হবে।
৯. বাঙলা, গণিত, ইংরেজি ও সাধারণ জ্ঞানের উপর পরীক্ষা হবে। প্রতিটি বিষয়ে ২৫ নম্বর করে মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে। সাধারণ জ্ঞানের প্রশ্ন হবে ইতিহাস, ভূগোল, বিজ্ঞান ইত্যাদি বিষয়ের উপর। পরীক্ষার সময়সীমা ২ ঘন্টা।

পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীতে ভর্তি পরীক্ষায় বসার যোগ্য প্রার্থীদের নামের তালিকা ০৮.০১.২০১২ (রবিবার) শিক্ষাসত্র দপ্তরে প্রকাশ করা হবে।

পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীতে শিক্ষাসত্রের বাৎসরিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সীমিত সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

সংরক্ষণ: মোট আসনের ২০ শতাংশ স্থানীয় শিশুদের (যারা শিক্ষাসত্রের ১ কি.মি-এর মধ্যে বসবাস করে) জন্য সংরক্ষিত থাকবে। যেসকল প্রার্থী এই সুযোগ নিতে ইচ্ছুক সেই প্রার্থীদের ক্ষেত্রে নিম্নলিখিত প্রমাণপত্রের প্রতিলিপি (জেরক্স কপি) আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে -

(১) প্রার্থীর পিতা/মাতার রেশন কার্ডের প্রতিলিপি; (২) প্রার্থীর রেশন কার্ডের প্রতিলিপি; (৩) প্রার্থীর পিতা/মাতার ভোটার কার্ডের প্রতিলিপি।

ভর্তি পরীক্ষার সন্ধ্যা তারিখ: ২০১২ সালের জানুয়ারী মাসের তৃতীয়/চতুর্থ সপ্তাহ।

অনিবার্য কোনও কারণে পরীক্ষার দিন বদল হলে শিক্ষাসত্র দপ্তরে তা জানানো হবে।

* তফসিলী জাতি/উপজাতি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে নিয়মানুসারে সংরক্ষণের ব্যবস্থা আছে।

* অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

* ভর্তি বিষয়ে যাবতীয় যোগাযোগের ঠিকানা : অধ্যক্ষ, শিক্ষাসত্র, বিশ্বভারতী, শ্রীনিকেতন, বীরভূম - ৭৩১২৩৬। দূরভাষ : ০৩৪৬৩-২৬৪৭৩৬।

ফর্ম দেওয়ার সময় - বেলা ১১-০০ থেকে বেলা ২-০০। মঙ্গলবার বেলা ১১-০০ থেকে বেলা ১২-০০।

বিশ্বভারতী মঙ্গলবার অর্ধদিবস ও বুধবার পূর্ণদিবস বন্ধ থাকে।

আবেদন করার প্রক্রিয়া

* বিশ্বভারতী গণনাধিকারিক মহাশয়ের নামে স্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, শান্তিনিকেতনের উপর ৪০০/- টাকার ডিমাণ্ড ড্রাফট (তপসিলী জাতি ও উপজাতি প্রার্থীদের জন্য ১৪০/- টাকার ডিমাণ্ড ড্রাফট) ও ৫/- টাকার ডাক টিকিটযুক্ত ও স্বঠিকানাযুক্ত (১০//x ৫// Self addressed envelope) খামের বিনিময়ে শিক্ষাসত্র দপ্তর থেকে আবেদনপত্র ডাকযোগে পাওয়া যাবে। শিক্ষাসত্র দপ্তর থেকে ৪০০/- টাকার ক্যাশ কুপনের বিনিময়েও (তপসিলী জাতি ও উপজাতি প্রার্থীদের জন্য ১৪০/- টাকা) (ক্যাশ কুপন পাওয়া যাবে বিশ্বভারতী ক্যাশ অফিস থেকে) আবেদনপত্র পাওয়া যাবে।

* আবেদনপত্র www.visva-bharati.ac.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

কর্মসচিব